# নিয়োগ বিজ্ঞপ্তি

**এসকেএস ফাউন্ডেশন** জাতীয় পর্যায়ের একটি স্বীকৃত বেসরকারী উন্নয়নমূলক সংস্থা যা, ১৯৮৭ সাল থেকে দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) সনদ সহ (এমআরএ-০১৬২১-০০৫৩৪-০০০৪৫) একাধিক প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। উক্ত সংস্থায় **গাজীপুর, টাঙ্গাইল, ঢাকা, চট্টগ্রাম, কক্সবাজার, কুষ্টিয়া, মেহেরপুর, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, রাজশাহী ও ঠাকুরগাঁও** জেলায় ঋণ কার্যক্রম বাস্তবায়ন ও সম্প্রসারণের নিমিত্তে নিম্নে উল্লিখিত পদে কর্মী নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদেরকে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিত আবেদনপত্রের সঙ্গে পূর্ণ জীবন বৃত্তান্ত (ইমেইল ও মোবাইল নম্বর উল্লেখসহ), ০২ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের ফটোকপি আগামী **৩০ জুন ২০২৪ ইং** তারিখ অফিস সময়ের মধ্যে **এসকেএস ফাউন্ডেশন, কলেজ রোড, উত্তর হরিণ সিংহা, গাইবান্ধা- ৫৭০০** ঠিকানায় ডাক/কুরিয়ার/সরাসরি প্রেরণের আহবান করা যাচ্ছে। এছাড়াও hr@sks-bd.org এই মেইলে আবেদন করতে পারবেন। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

**১. কোঅর্ডিনেটর- ট্রেনিং এ্যান্ড মনিটরিং- (০১ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স। পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ট্রেনিং এন্ড মনিটরিং কাজে কমপক্ষে ৭ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং ব্রাঞ্চ/ফিল্ড অফিস পরিদর্শন করে রিপোর্ট করার দক্ষতা থাকতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স**-অনুর্ধ্ব ৪৫ বছর। **বেতন-ভাতা:** স্থায়ী কর্মী হিসেবে দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে মাসিক বেতন-ভাতা হবে ৭৩.৪০০/-। এছাড়াও মোবাইল ভাতাসহ নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

**২. রিজিওনাল ম্যানেজার- (০৩ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স। পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত শহর/নগর এলাকার এনজিওতে একসাথে কমপক্ষে ২০ টি ব্রাঞ্চ পরিচালনার ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স**-অনুর্ধ্ব ৪০ বছর। **বেতন-ভাতা:** স্থায়ী কর্মী হিসেবে দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে মাসিক বেতন-ভাতা হবে ৬৩.৪০০/-। এছাড়াও জ্বালানী ভাতাসহ নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

**৩. এরিয়া ম্যানেজার- (১০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে একসাথে ০৫ টি ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স**-অনুর্ধ্ব ৪০ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ৩৮,৬০০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ৪৩,৭০০/-, মোবাইল ভাতা ১,০০০/-, জ্বালানী ভাতা ৩,৫০০/-, দুরত্ব ভাতা ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৪. ব্রাঞ্চ ম্যানেজার- (৪০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স**-অনুর্ধ্ব ৪০ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ৩৩,৩১৩/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ৩৬,৮৭৫/-, মোবাইল ভাতা ৭০০/-, জ্বালানী ভাতা ৩,০০০/-, দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৫. ফিল্ড অফিসার- (২৫ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স/অনার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ১-২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**-অনুর্ধ্ব ৩৫ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ২০,৯৩০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ২৬,০৬০/-, দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৬. হিসাবরক্ষক- (৩০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** বাণিজ্যে বিভাগ হতে মাস্টার্স/অনার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ব্রাঞ্চের হিসাব কার্যক্রম পরিচালনায় ২ থেকে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সফটওয়্যার চালনা, রিপোর্টিং ও কম্পিউটার পরিচালনা বিষয়ে দক্ষতা থাকতে হবে। **বয়স**-অনুর্ধ্ব ৩৫ বছর। **বেতন-ভাতা:** দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে মাসিক বেতন-ভাতা হবে সর্বসাকুল্যে ২৬,০৬০/-। এছাড়াও দুরত্ব ভাতা ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতাসহ নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

**৭. ফিল্ড এ্যাসিস্ট্যান্ট- (২৫ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** কমপক্ষে ডিগ্রি পাস। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**-অনুর্ধ্ব ৩৫ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ১৮,৮৮০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ২৪,৮৬০/- এছাড়াও দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**এছাড়াও পেনশন সুবিধা, সাপ্তাহিক ২ দিন ছুটি, পি.এফ (মূল বেতনের ১০%), গ্রাচুয়িটি, চিকিৎসা সেবা সহায়তা, উৎসব ভাতা (মূল বেতনের সমপরিমাণ বছরে ২টি) ও বৈশাখী ভাতা (মূল বেতনের ২০%), সংস্থার নিয়ম অনুযায়ী বাৎসরিক ইনক্রিমেন্ট এবং ব্যয়বহুল স্থান ও চরে অবস্থিত ব্রাঞ্চে কাজের জন্য বিশেষ যাতায়াত ভাতা প্রদান করা হবে।** উল্লেখ্য যে, ৩,৪,৫,৬ ও ৭ পদে উত্তীর্ণ প্রার্থীদের যোগদানের সময় নীতিমালা অনুযায়ী জামানত (ফেরতযোগ্য) প্রদান করতে হবে। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে পেতে ভিজিট করুন: **www.sks-bd.org**

**বি: দ্র:** খামের উপরে এবং আবেদনপত্রের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী ছাড়া অন্যান্যদের আবেদন গ্রহণযোগ্য হবে না। উক্ত নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার আর্থিক লেনদেন হতে বিরত থাকুন।

**উপ-পরিচালক**
মানব সম্পদ